



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৯ ডিসেম্বর ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

গ্রেফতার শিক্ষক তরুণ কান্তি চাকমা আমাদের সদস্য নয়: ইউপিডিএফ

রাঙামাটির কাউখালি থেকে গ্রেফতার স্কুল শিক্ষক তরুণ কান্তি চাকমাকে ইউপিডিএফ সদস্য হিসেবে উল্লেখ করে পুলিশের উদ্ধৃতি দিয়ে কিছু সংবাদ মাধ্যমে যে তথ্য পরিবেশন করা হয়েছে তা সঠিক নয় বলে মন্তব্য করেছে ইউপিডিএফ।

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) রাঙামাটি ইউনিটের সংগঠক সচল চাকমা আজ বৃহস্পতিবার ১৯ ডিসেম্বর ২০১৯ এক বিবৃতিতে উক্ত মন্তব্য করে বলেছেন, 'কাউখালির পানছড়ি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক তরুণ কান্তি চাকমার ইউপিডিএফের সদস্য হওয়ার প্রশ্নই ওঠে না, কারণ ইউপিডিএফের সদস্যপদ কোন সরকারী চাকুরিজীবীর জন্য উন্মুক্ত নয়।'

তরুণ কান্তি চাকমাকে ঘিলাছড়ি আনসার ক্যাম্পের পাশ থেকে অস্ত্রসহ আটক করা হয়েছে বলে নিরাপত্তা বাহিনীর দাবিকেও সম্পূর্ণ মিথ্যা ও বানোয়াট বলে উল্লেখ করে সচল চাকমা আরও বলেন, তাকে গত ৯ ডিসেম্বর ভোররাত ৪টার দিকে হাজাছড়ি গ্রামের নিজ বাড়ি থেকে গ্রেফতার করা হয়। তার কাছে অস্ত্র থাকার প্রশ্ন একেবারে অবাস্তব।

ইউপিডিএফ নেতা তরুণ কান্তি চাকমা সম্পর্কে নিরাপত্তা বাহিনীর দেয়া উক্ত তথ্যকে উদ্দেশ্যমূলক বলে মন্তব্য করেন এবং ভবিষ্যতে এ ধরনের মিথ্যা ও বিভ্রান্তিকর তথ্য পরিবেশন করা থেকে বিরত থাকতে সংশ্লিষ্ট সবার প্রতি অনুরোধ জানান।

বিনা কারণে তরুণ কান্তি চাকমার মতো একজন নিরপরাধ সরকারী স্কুল শিক্ষককে গ্রেফতারের ঘটনা পার্বত্য চট্টগ্রামে মানবাধিকার লঙ্ঘনের ভয়াবহতার চিত্রকে তুলে ধরে বলে তিনি মন্তব্য করেন এবং অবিলম্বে তাকে মুক্তি দেয়ার দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।

